

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(সাধারণ শাখা)
কিশোরগঞ্জ
www.kishoreganj.gov.bd

বিষয়: “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে” সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী


সভাপতি : মোহাম্মদ আবুল কালাম আজাদ
জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
সভার তারিখ ও সময় : ২৬ জুন ২০২৩ ; বিকাল ৩.০০ টা
সভার স্থান : জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নৈতিকতা কমিটির সদস্য সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জসহ সকল সদস্য আলোচনা সভায় অংশগ্রহণ করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	জেলা ও উপজেলা পর্যায়ে সুধীজনদের অংশগ্রহণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবহিতকরণ সভা আয়োজন বিষয়ক আলোচনা।	জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সুধীজনদের অংশগ্রহণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ।
০২.	শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নির্দেশিকার ২০২২-২৩ এর ১.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী অত্র কার্যালয়ের “কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন” বিষয়ক আলোচনা।	কর্মকর্তা কর্মচারীদের সমন্বয়ে আয়োজিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ শেষে জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে সততা ও নৈতিকতা বজায় রাখতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সংশ্লিষ্ট সকল
০৩.	নির্দেশিকা ২০২২-২৩ এর ১.৫ নং অনুচ্ছেদ অনুযায়ী “কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্য বিধি অনুসরণ/ টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)” বিষয়ে আলোচনা।	অত্র কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নের জন্য অকেজো মালামাল নিষ্পত্তিকরণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	নেজারত ডেপুটি কালেক্টর
০৪.	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে আলোচনা।	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ। ২। নেজারত ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ
০৫.	সেবা প্রদান সম্পর্কিত আলোচনা	জনগণের সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট শাখাসমূহে সেবা প্রদানের ক্ষেত্রে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত সংরক্ষণ করতে হবে।	১। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ। ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), কিশোরগঞ্জ।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৬.	কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজনের আলোচনা।	১.সচিবালয় নির্দেশমালা অনুসরণ করে দাণ্ডরিক কার্যক্রম পরিচালনায় কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কর্মচারীকে বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জানান, কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

২। পরিশেষে আর কোন আলোচ্যবিষয় না থাকায় শুদ্ধাচার চর্চায় নিজেকে নিয়োজিত করা এবং অন্যকে এ বিষয়ে উদ্বুদ্ধ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০২.০৭.২০১৬

মোহাম্মদ আবুল কালাম আজাদ
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ

ও

সভাপতি

জেলা নৈতিকতা কমিটি, কিশোরগঞ্জ

ফোন: ০৯৪১-৬১৭৫৫


ই-মেইল-ackishoreganj@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৪৮০০.০১২.১৬.০৮২(অংশ-৫).২২-৬৯৭

তারিখ : ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ৪। উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ;
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি/ রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ;
- ৮। সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৯। এনডিসি/আরডিসি/এডিএলজি/ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ;
- ১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ (তাকে এ কার্যবিবরণী ওয়েবসাইটে হালনাগাদকরণের অনুরোধ করা হলো)
- ১১। অফিস কপি।



রুবেল মাহমুদ

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
কিশোরগঞ্জ

ও

সদস্য সচিব
জেলা নৈতিকতা কমিটি, কিশোরগঞ্জ